দৈনিক সংবাদ

তারিখ 08 MAY 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

৪৭

# দিনাজপুরে ৩শ' ৪৮ জন ছাত্র এসএসসি পরীক্ষা দিতে পারেনি

## প্রধান শিক্ষকগণ গা-ঢাকা দিয়েছে

দিনাজপুর, ৭ই মে (নিজস্ব সংবাদদাতা)।– প্রধান শিক্ষকের দুর্নীতির কারণে প্রবেশপত্র এসে না পৌঁছায় দিনাজপুরের ৩টি বিদ্যালয়ের ৩শ' ৪৮ জন ছাত্র–ছাত্রী এবার এস এস সি পরীক্ষায় অংশ নিতে পারেনি। অবস্থা বেগতিক বুঝে প্রধান শিক্ষক তিনজন গা ঢাকা দিয়েছে।

অভিভাবকদের কাছ থেকে অভিযোগ পাওয়া গেছে যে, দিনাজপুরের বীরগঞ্জ থানার দলুয়া দ্বি–মুখী উচ্চ বিদ্যালয়ের ১শ' ১০ জন, খানসামার কায়েমপুর উচ্চবিদ্যালয়ের ৯৮ জন এবং হাকিমপুরের জাঙ্গই উচ্চ বিদ্যালয়ের ১শ' ৪০ জন ছাত্র–ছাত্রীর কাছ থেকে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ ফরম পূরণের অতিরিক্ত অর্থ আদায় করে। অথচ এসব ভাগ্যহত ছাত্র–ছাত্রীর বোর্ড হতে প্রবেশপত্র স্ব স্ব স্কুলে পৌঁছেনি। প্রবেশপত্র না পাওয়ার কারণে পরীক্ষায় অংশগ্রহণের সকল প্রস্তুতি নিয়েও তারা পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারেনি। অশ্রুসজল চোখে তারা আবার বাড়ি ফিরে গেছে।

এ ঘটনায় অভিভাবক ও ছাত্র–ছাত্রীদের মধ্যে উত্তেজনা দেখা দিলে বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ পালিয়ে যায়।